



রঞ্জানি উন্নয়ন বুরো
টিসিবি ভবন,
১, কাওরান বাজার
ঢাকা।



নং-২৬.০২.০০০০.০৫২.৮৭.৩২৯.৯৮/ ২৮৪

তারিখ: ০৮-০৭-২০২১ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা রঞ্জানি উন্নয়ন বুরোতে নিবন্ধিত যে সকল তৈরী পোশাক প্রস্তুতকারক ও রঞ্জানিকারক প্রতিষ্ঠানসমূহ ২০২১-২০২২ অর্থবছর মেয়াদী নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে গত ৩০-০৬-২০২১ তারিখ পর্যন্ত আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠানসমূহকে আগামী ৩১-০৮-২০২১ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি টাঃ ৩,০০০/- (তিন হাজার) টাকার পে-স্লিপ ও নিম্নবর্ণিত হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে :

- ক) ব্র্যাক ব্যাংকের মাধ্যমে ইপিবি'র অনুকূলে জমাকৃত ৩,০০০/- (তিন হাজার) টাকা পে-স্লিপ;
- খ) আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- গ) ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ঘ) ই আর সি সনদের নবায়িত কপি;
- ঙ) সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- চ) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ছ) ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- জ) ফায়ার পলিসির নবায়িত কপি;
- ঝ) গ্রুপ বীমার নবায়িত কপি;
- ঝঃ) যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন এর কপি দাখিল করেনি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অনুমোদিত লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন দাখিল করতে হবে।

০২। এখানে উল্লেখ্য যে, আগামী ৩১ আগস্ট, ২০২১ তারিখের পর নিবন্ধন নবায়ন ব্যতীত রঞ্জানি উন্নয়ন বুরো থেকে কোন প্রকার দেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) প্রদান করা হবে না। আগামী ৩১ আগস্ট, ২০২১ তারিখের পর নির্ধারিত নবায়ন ফি টাঃ ৩,০০০/- (তিন হাজার) টাকা ও জরিমান বাবদ টাঃ ২০০০/- (দুই হাজার) সর্বমোট =৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-স্লিপ ও হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রঞ্জানি উন্নয়ন বুরোর চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ অফিসে দেবা গ্রহণ করে থাকে, তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে সরাসরি বুরোর চট্টগ্রাম এবং নারায়ণগঞ্জ অফিসে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

(কাজী মোঃ মহিউদ্দিন)
গবেষণা কর্মকর্তা

বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বিজিএমইএ, লেকড্রাইভ এভিনিউ-৬, ব্লক এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটোর, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএল এমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটি এমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রঞ্জানি উন্নয়ন বুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. পরিচালক(তথ্য), রঞ্জানি উন্নয়ন বুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি বুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮. উপ-পরিচালক (অর্ধ), রঞ্জানি উন্নয়ন বুরো, ঢাকা।
০৯. উপ-পরিচালক, রঞ্জানি উন্নয়ন বুরো, সান্তা টাওয়ার (৫ম তলা), এসএম মালেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
১০. প্রেস্ট্রামার, রঞ্জানি উন্নয়ন বুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি বুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. পি এ টু মহা-পরিচালক-২, রঞ্জানি উন্নয়ন বুরো, ঢাকা (মহা-পরিচালক-২ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. এপিআরও টু ভাইস-চেয়ারম্যান, রঞ্জানি উন্নয়ন বুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের
মধ্যে প্রচারের জন্য অনুরোধ
করা হলো।